

সভাপতি : জনাব এস.এম এহসানুল হক সুমন,  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেশদুয়ার, টাঙ্গাইল।

সভার তারিখ ও সময় : ২৯ জুলাই ২০২১, বেলা ১১:০০ টা।

স্থান : সভাপতির অফিস কক্ষ।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উক্ত সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় উপজেলা যুব উন্নয়ন অফিসার, দেশদুয়ার, টাঙ্গাইলকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা যুব উন্নয়ন অফিসার, দেশদুয়ার, টাঙ্গাইল আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন ও দৃষ্টিকরণ।	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং আলোচনা করা হয়।	আলোচনান্তে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :				
২	তথ্য ও সাংস্কৃতি বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ উপজেলায় সাংস্কৃতি কেন্দ্র না থাকায় ছেলে মেয়েরা সাংস্কৃতি চর্চা করতে পারে। তাই তিনি সাংস্কৃতি কেন্দ্র স্থাপনের জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
৩	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, এ উপজেলায় সাংস্কৃতি কেন্দ্র নির্মাণ করার জন্য উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন।	এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজসেবা অফিসার
৪	পল্লী সঞ্চয় ব্যাংক	ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তথ্য ও সাংস্কৃতি চর্চা না থাকায় ছেলে মেয়েরা মাদকের দিকে যাচ্ছে। তাই তিনি সাংস্কৃতি চর্চা করার জন্য সভায় উপস্থাপন করেন।	এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক
৫	চেয়ারম্যান দেউলী ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, দেউলী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে তথ্য ও সাংস্কৃতি কেন্দ্র নির্মাণ করার জন্য সভায় উপস্থাপন করেন।	পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান দেউলী ইউপি।
৬	সভাপতি ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেশদুয়ার।	সভাপতি ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেশদুয়ার তাঁর সমাপনী বক্তব্যে বলেন আমরা সকলেই স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করবো। সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা, দক্ষতা ও নিবিড় তদারকির মাধ্যমে উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান। এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সভায় বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(এস.এম এহসানুল হক সুমন)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা তথ্য ও সাংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি  
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.০৬.০০৩-১৭-৬০৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৩। উপজেলা প্রকৌশলী, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৪।..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।

তারিখ : ২৯/০৭/২০২১ খ্রি:

(এস.এম এহসানুল হক সুমন)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা তথ্য ও সাংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি  
দেলদুয়ার, টাঙ্গাইল।